

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪১৯

১৫. রক্তপণ অধ্যায় (كتاب الديات)

পরিচ্ছেদঃ ২০. ভ্রূণ (গর্ভস্থিত সন্তান) হত্যার দিয়াত

بَاب فِي دِيَةِ الْجَنِينِ

আরবী

حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ مَنْصُورٍ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عُبَيْدِ بْنِ نُضَيْلَةَ عَنْ الْمُغِيرَةَ بْنِ شُعْبَةَ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّ امْرَأَتَيْنِ كَانَتَا تَحْتَ رَجُلٍ فَتَغَايَرَتَا فَضْرَبَتْ إِحْدَاهُمَا الْأُخْرَى بِعَمُودٍ فَفَقَتَلَتْهَا وَمَا فِي بَطْنِهَا فَاخْتَصَمَا إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَضَى فِيهِ غُرَّةً وَجَعَلَهَا عَلَى عَاقِلَةِ الْمَرْأَةِ

বাংলা

২৪১৯. মুগীরা ইবন শু'বা রাধিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত। তিনি বলেনঃ (ছ্যায়ল গোত্রের) জনৈক ব্যক্তির দু'টি স্ত্রী ছিল। উভয়ের মাঝে মতভেদ হলে তাদের একজন অন্যজনকে (তাবুর) খুঁটি দিয়ে আঘাত করে সেই স্ত্রীলোকটিকে এবং তার গর্ভস্থিত সন্তানকে মেরে ফেললো। তখন তারা এ ব্যাপারে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে মামলা দায়ের করলো। এরপর তিনি হত্যাকারী মহিলার আত্মীয়-স্বজনের উপর ঐ মৃত সন্তানের দিয়াত স্বরূপ একটি গোলাম আযাদ করার নির্দেশ দেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, দিয়াত ৬৯০৫, ৬৯০৬; মুসলিম, কাসামাহ ১৬৮২।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৬০১৬ তে।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু'বা (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82702>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন